রাজশাহীতে বিএনপি কার্যালয়ে আগুন, এলাকায় উত্তেজনা



ছবি: সংগৃহীত

রাজশাহীর তানোরে রাতের আঁধারে ৯ নম্বর ওয়ার্ড বিএনপির দলীয় কার্যালয়ে আগুন দেওয়ার ঘটনা ঘটেছে। সোমবার (৯ নভেম্বর) রাতে উপজেলার কলমা ইউনিয়নের আজিজপুর বাজারে এ ঘটনা ঘটে।

স্থানীয় বিএনপি নেতাকর্মীদের অভিযোগ, রাতের কোনো এক সময় দুর্বৃত্তরা কার্যালয়টিতে আগুন ধরিয়ে দেয়। পরে আগুনের খবর ছড়িয়ে পড়লে বাজার ও আশপাশের এলাকায় আতঙ্ক দেখা দেয়। খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে। তবে অগ্নিকাণ্ডে কার্যালয়ের কী পরিমাণ ক্ষতি হয়েছে, তা এখনো জানা যায়নি।

এ ঘটনায় আওয়ামী লীগের নেতাকর্মীদের দায়ী করেছেন স্থানীয় বিএনপি নেতারা। তাদের অভিযোগ, পরিকল্পিতভাবে দলীয় কার্যালয়ে আগুন দিয়ে এলাকায় অস্থিতিশীল পরিস্থিতি তৈরির চেষ্টা করা হয়েছে।

কলমা ইউনিয়ন বিএনপির সভাপতি মোস্তাফিজুর রহমান বলেন, রাতের আঁধারে দলীয় কার্যালয়ে আগুন দেওয়ার ঘটনা অত্যন্ত নিন্দনীয়। ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের মাধ্যমে জড়িতদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক আইনগত ব্যবস্থা নিতে হবে।

তানোর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহমুদুল হাসান জানান, পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। কারা এ ঘটনায় জড়িত, তা খতিয়ে দেখা হচ্ছে। তদন্তের মাধ্যমে অগ্নিকাণ্ডের প্রকৃত কারণ ও জড়িতদের শনাক্তের চেষ্টা চলছে।